



মাধ্যমিক ও উচ্চমাধ্যমিক শিক্ষা বোর্ড, সিলেট

আলমপুর, দক্ষিণ সুরমা, সিলেট।



স্মারক নং : সিশিবো/পনি/মাধ্য/নিক/২০২১/৪৯৭

তারিখঃ ১৮ কার্তিক ১৪২৮ বঙ্গাব্দ
০৩ নভেম্বর ২০২১ খ্রিস্টাব্দ

বিষয় : ২০২১ সালে অনুষ্ঠিতব্য এসএসসি পরীক্ষার কেন্দ্র কমিটি গঠন/অনুমোদন প্রসঙ্গে।

উপর্যুক্ত বিষয়ের প্রেক্ষিতে জানানো যাচ্ছে, ২০২১ সালে অনুষ্ঠিতব্য এসএসসি পরীক্ষা সুষ্ঠুভাবে সম্পন্নের লক্ষ্যে এসএসসি পরীক্ষা পরিচালনা সংক্রান্ত নীতিমালা অনুসরণ করে তাঁর কেন্দ্রের জন্য “কেন্দ্র কমিটি” নামে ৫(পাঁচ) সদস্য বিশিষ্ট একটি কমিটি গঠন করে নিম্নস্বাক্ষরকারী কর্তৃক অনুমোদন নেওয়ার জন্য তাঁকে বিশেষভাবে অনুরোধ করা হলো :

১। চেয়ারম্যান : জেলা সদরের জন্য জেলা প্রশাসক, উপজেলা ও অন্যান্য কেন্দ্রের জন্য সংশ্লিষ্ট উপজেলা নির্বাহী কর্মকর্তা “কেন্দ্র কমিটির” চেয়ারম্যান হিসেবে অন্তর্ভুক্ত হবেন।

২। সদস্যবৃন্দ :


(ক) জেলা শিক্ষা কর্মকর্তা (জেলা সদরের জন্য)/উপজেলা মাধ্যমিক শিক্ষা কর্মকর্তা (উপজেলার ক্ষেত্রে)/ উপজেলা শিক্ষা কর্মকর্তা (মহানগরীর ক্ষেত্রে)।

(খ) সরকারি উচ্চ বিদ্যালয়ের প্রধান শিক্ষক ১ জন ও বেসরকারি উচ্চ বিদ্যালয়ের প্রধান শিক্ষক ১ জন সদস্য হিসেবে কমিটিতে অন্তর্ভুক্ত হবেন (সংশ্লিষ্ট এলাকায় সরকারি উচ্চ বিদ্যালয় না থাকলে বেসরকারি বিদ্যালয়ের ২ জন প্রধান শিক্ষক উক্ত পদে দায়িত্ব পালন করবেন)।

(গ) কেন্দ্র সচিব “কেন্দ্র কমিটির” সদস্য সচিব হিসেবে বিবেচিত হবেন। বোর্ড কর্তৃক অনুমোদিত কেন্দ্র প্রতিষ্ঠানের প্রধান শিক্ষক কেন্দ্র সচিবের দায়িত্ব পালন করবেন। ছেলে/মেয়ে পরীক্ষার্থী থাকলে কমিটিতে অন্তর্ভুক্ত শিক্ষক কেন্দ্র সচিব এর দায়িত্ব পালন করা থেকে বিরত থাকবেন।

উল্লেখ্য, পরীক্ষা পরিচালনা সংক্রান্ত নীতিমালা অনুযায়ী কমিটি গঠনপূর্বক পরীক্ষার মালামাল গ্রহণের দিন নিম্ন স্বাক্ষরকারীর নিকট জমা দিতে হবে।

চেয়ারম্যান মহোদয়ের আদেশক্রমে



(প্রফেসর অরুণ চন্দ্র পাল)

পরীক্ষা নিয়ন্ত্রক

মাধ্যমিক ও উচ্চমাধ্যমিক শিক্ষা বোর্ড
সিলেট।

প্রাপক : কেন্দ্র সচিব

সিলেট শিক্ষা বোর্ডের আওতাধীন এসএসসি পরীক্ষা-২০২১ এর সকল কেন্দ্র।

সদয় অবগতি ও কার্যার্থে :

১। জেলা প্রশাসক, সিলেট/হবিগঞ্জ/মৌলভীবাজার/সুনামগঞ্জ (তাঁর জেলার জেলা সদরের সকল কেন্দ্রের জন্য কেন্দ্র কমিটি গঠনের প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য তাঁকে অনুরোধ করা হলো)।

২। উপজেলা নির্বাহী কর্মকর্তা, সিলেট বিভাগের সকল উপজেলা (তাঁর উপজেলার সকল কেন্দ্রের জন্য কেন্দ্র কমিটি গঠনের প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য অনুরোধ করা হলো)।

৩। চেয়ারম্যান মহোদয়ের একান্ত সচিব, অত্র শিক্ষা বোর্ড।

৪। সংরক্ষণ নথি।